সমকাল

তারিখ 24 AUG 2016
পৃষ্ঠা ... কলাম ...

# শিক্ষার্থীদের মধ্যে 'বঙ্গবন্ধুর অসমাপ্ত আত্মজীবনী' বিতরণ

■ নিজস্ব প্রতিবেদক, *কিশোরগঞ্জ*

জাতির জনক বঙ্গবন্ধুর ৪১তম শাহাদাতবার্ষিকী উপলক্ষে মঙ্গলবার কিশোরগঞ্জ শিল্পকলা একাডেমি হলে এক অনুষ্ঠানের আয়োজন করা হয়। অনুষ্ঠানে কিশোরগঞ্জ জেলার ১০৭টি বিদ্যালয় ও কলেজের শিক্ষার্থীদের মধ্যে 'বঙ্গবন্ধুর অসমাপ্ত আত্মজীবনী' পাঁচ শতাধিক বই বিনামূল্যে বিতরণ করা হয়। জেলা প্রশাসনের সহযোগিতায় এর বাস্তবায়ন করেন বেসরকারি সংস্থা ম্যান, পাওয়ার ডেভেলপমেন্ট। এতে বক্তব্য রাখেন জেলা প্রশাসক মো. আজিমুদ্দিন বিশ্বাস, অতিরিক্ত জেলা প্রশাসক তরফদার মো. আক্তার জামিল, জেলা আওয়ামী লীগের সাধারণ সম্পাদক এমএ আফজল প্রমুখ।